

**চট্টগ্রামের ইউএসটিসিতে  
ভিসি ও রেজিস্ট্রারের  
কক্ষে ফের 'তাল'**

■ চট্টগ্রাম বুয়ো  
চট্টগ্রামে রাষ্ট্রপতি নির্বাচিত ভিসি নিয়োগ, অনুষ্ঠানে হারী ডিন নিয়োগসহ বিভিন্ন দাবিতে ক্লাস বর্জন করে ফের উপ-উপাচার্য ও রেজিস্ট্রারের কক্ষে তাল দিয়েছেন বেশকিছির শিক্ষান ও প্রযুক্তি বিশ্ববিদ্যালয়ের (ইউএসটিসি) শিক্ষার্থীরা। বুধসপ্তাহের সকাল ১০টা থেকে প্রশাসনিক ভবনের বিভিন্ন কক্ষে তাল লাগিয়ে ক্যাম্পাস বিক্ষোভ করেছেন তারা। এর আগেও এসব দাবিতে আন্দোলনরত শিক্ষার্থীরা বেশ কয়েকবার উপ-উপাচার্য ও রেজিস্ট্রারকে অবরুদ্ধ করে রেখেছিলেন। পরে রাতে ইউএসটিসি ক্লাস বন্ধ ঘোষণা করেন কর্তৃপক্ষ। শিক্ষার্থীদের অভিযোগ, সর্বশেষ গত ২১ সেপ্টেম্বর জনসেবা ফাউন্ডেশনের চেয়ারম্যান আহমেদ ইফতেখার ইসলামের কাছে দাবিতলো তারা তুলে ধরেন আর গত অক্টোবরে আন্দোলনরত শিক্ষার্থীদের সঙ্গে বিশ্ববিদ্যালয় প্রশাসন বৈঠক করে সব দাবি মেনে নেওয়ার আশ্বাস দিলেও তার একভাগও বাস্তবায়ন করেনি। তাই বাধা হয়ে গত ৩ নভেম্বর থেকে 'তাল' কর্মসূচি পালন করা হচ্ছে। বিশ্ববিদ্যালয়ের রেজিস্ট্রার প্রফেসর মো. শামসুজ্জোহা জানান, শিক্ষার্থীদের আন্দোলনের বিষয়টি বিশ্ববিদ্যালয় পরিচালনাকারী প্রতিষ্ঠানকে অবহিত করা হয়েছে। সে বিষয়ে ট্রাস্টি বোর্ডের সভায় ১৬তম সিদ্ধান্ত নেওয়া হবে।